নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪
Noakhali science and Technology University
Noakhali-3814

www.nstu.edu.bd

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone: 880-2334496581, Mobile: 88-01733998894
e-mail: pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/২১৯২ ৩০ জুন ২০২৫

## সংবাদ বিজ্ঞপ্তি

# নোবিপ্রবি ক্যাম্পাস পরিদর্শনে প্রতিষ্ঠাকালীন উপাচার্য

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নোবিপ্রবি) ক্যাম্পাস পরিদর্শনে এসেছেন এর প্রকল্প পরিচালক ও প্রতিষ্ঠাকালীন উপাচার্য অধ্যাপক ড. আবুল খায়ের। আজ সোমবার (৩০ জুন ২০২৫) বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল এর আমন্ত্রণে তিনি এ পরিদর্শনে আসেন।

অধ্যাপক ড. আবুল খায়ের ও তাঁর সহধর্মিণী মিসেস মমতাজ খানম দুপুর ২টায় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বাংলোয় এসে পৌঁছালে নোবিপ্রবি উপাচার্য তাঁদের স্বাগত জানান। এ সময় উপাচার্য বয়োজ্যেষ্ঠ অধ্যাপক ড. আবুল খায়ের এর সঙ্গে কুশল বিনিময় করেন এবং তাঁর স্বাস্থ্যের খোঁজ-খবর নেন। নোবিপ্রবি উপাচার্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষা, গবেষণা ও অবকাঠামোগত বিভিন্ন উন্নয়ন কর্মকান্ড সম্পর্কে তাঁকে অবহিত করেন। পরে ড. আবুল খায়ের বিশ্ববিদ্যালয়ে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের সঙ্গে মতবিনিময় ও স্মৃতিচারণ করেন।

এ সময় উপস্থিত ছিলেন নোবিপ্রবির উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. কামাল উদ্দিন, নোবিপ্রবি ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ, রিসার্চ সেলের পরিচালক অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম, প্রক্টর এ এফ এম আরিফুর রহমান, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) মোহাম্মদ তামজিদ হোছাইন চৌধুরীসহ শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের সাবেক অধ্যাপক ড. আবুল খায়ের নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) প্রতিষ্ঠাতা উপাচার্য ছিলেন। তিনি ২০০৬ সালের ২০ এপ্রিল থেকে ২০০৮ সালের ২০ মে পর্যন্ত এ পদে দায়িত্ব পালন করেন।

R.Kaiser

রায়হান কায়সার হাশেম
সহকারী রেজিস্ট্রার
জনসংযোগ ও প্রকাশনা দপ্তর